



ফেব্রুয়ারির নির্বাচন বানচালের ষড়যন্ত্র চলছে: আসিফ মাহমুদ



সংগৃহীত ছবি

স্থানীয় সরকার বিষয়ক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ঝুঁইয়া অভিযোগ করেছেন, যারা একসময় ডিসেম্বরে নির্বাচনের দাবি তুলেছিল, তাদের অনেকেই এখন নির্বাচন বানচালের ষড়যন্ত্রে লিপ্ত। তিনি বলেন, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগকে আবার ক্ষমতায় বসানোর চেষ্টা চলছে।

শনিবার (৬ সেপ্টেম্বর) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনের (পিডিবিএফ) নবনিযুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন।

আসিফ মাহমুদ সজীব ঝুঁইয়া বলেন, ফেব্রুয়ারির নির্বাচনে ‘ফ্যাসিবাদীদের’ অংশগ্রহণের সুযোগ না থাকায় অনেকের মাথা খারাপ হয়ে গেছে। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, নির্বাচন বানচালের এই অপচেষ্টা সফল হতে দেওয়া হবে না।

উপদেষ্টা আরও আশা প্রকাশ করেন যে, গণতান্ত্রিক মূল্যবোধে বিশ্বাসী সব রাজনৈতিক দল, সিভিল সোসাইটি এবং জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এবার একটি সুষ্ঠু ও সুন্দর নির্বাচন অনুষ্ঠিত হবে।

LENS ASIA